



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এনএসসি টাওয়ার (১২তলা)

৬২/৩ পুরানা পল্টন

ঢাকা-১০০০।

এমআরএ/রেগুলেশন সার্কুলার নং-১/২০০৯

তারিখ: ১৭ আষাঢ় ১৪১৬ বাংলা।
০১ জুলাই ২০০৯ ইংরেজী।

সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান
খুলনা / সাতক্ষীরা / বাগেরহাট /
বরগুনা / ভোলা / পটুয়াখালী/
নোয়াখালী / কক্সবাজার জেলা।

প্রিয় মহোদয়,

ঘূর্ণিঝড় আইলায় সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহে কৃষি ও ক্ষুদ্রঋণ আদায় স্থগিতকরণ প্রসঙ্গে।

সম্প্রতি দেশের দক্ষিণাঞ্চলে ঘূর্ণিঝড় 'আইলা'য় সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিতরণকৃত কৃষি ও ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রম স্থগিত রাখার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশ প্রদান করা যাচ্ছে :

- (ক) ঘূর্ণিঝড় 'আইলা'য় সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহে সকল ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক বিতরণকৃত কৃষি ও ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম ২৮-জুন ২০০৯ থেকে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত থাকবে;
- (খ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সকল অনাদায়ী ও আদায়যোগ্য পাওনা (খেলাপী ঋণসহ) পরবর্তী ০১(এক) বছরের জন্য পুনঃতফসিল করার ব্যবস্থা করতে হবে;
- (গ) নতুন ঋণ সুবিধার আওতায় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সদস্যগণ যাতে দ্রুততম সময়ে ঋণ সুবিধা পেতে পারেন এবং কোনরূপ হারানির শিকার না হন সে লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

এ নির্দেশ যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা তদারকির লক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে পাক্ষিক ভিত্তিতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহে উপজেলা ওয়ারী ঋণগ্রহীতার সংখ্যা ও স্থগিত ঋণের পরিমাণ (আসল ও সার্ভিস চার্জ আলাদাভাবে) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটিকে জানানোর জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সাজ্জাদ হোসেন)

পরিচালক

ফোন: ৯৫৫৯৬১৬।

অনুলিপি নং- এমআরএ/রেগু-৬/২০০৯-

তারিখ: এ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

- ১। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। সচিব, ব্যাংকিং, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
- ৫। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ৬। রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক এন্ড কোম্পানীজ, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/বরগুনা/ভোলা/পটুয়াখালী/নোয়াখালী/কক্সবাজার জেলা)।

(মোঃ সাজ্জাদ হোসেন)

পরিচালক

ফোন: ৯৫৫৯৬১৬।